

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ২৭, ২০০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

## প্রজ্ঞাপন

তারিখ, ৮ কার্তিক ১৪১২/২৩ অক্টোবর ২০০৫

এস, আর, ও নং ২৯৩-আইন/২০০৫ — যেহেতু The Essential Services (Second) Ordinance, 1958 (E.P. Ord. No. XLI of 1958), অতঙ্গপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র মন্ত্রণালয়ের ২০-৫-২০০৩ ইং তারিখের প্রজ্ঞাপন নং এস, আর, ও ১৩৩-আইন/২০০৩ দ্বারা বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) এর সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance প্রযোজ্য ঘোষণা করিয়াছে এবং উক্ত ঘোষণা অত্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৩৩৩-আইন/২০০৮, তারিখ ১৫-১২-২০০৮ ইং দ্বারা ২য় বার উক্ত Ordinance এর প্রযোজ্যতা ১৪-১২-২০০৮ ইং তারিখ হইতে (উক্ত তারিখ অন্তর্ভুক্ত) আরও ৬ (ছয়) মাস বর্ধিত করা হইয়াছে, যাহার মেয়াদ গত ১৩-৬-২০০৫ ইং তারিখে শেষ হইয়াছে ; এবং

যেহেতু বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) এর সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance প্রযোগের প্রয়োজনীয়তা এখনও বিদ্যমান রহিয়াছে ;

সেহেতু উক্ত Ordinance এর section 3 এর sub-section (2) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্বারা বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) এর সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতা এই প্রজ্ঞাপন সরকারী গেজেটে প্রকাশের তারিখ (উক্ত তারিখ অন্তর্ভুক্ত) হইতে পরবর্তী ছয় মাস পর্যন্ত বর্ধিত করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ শাহজাহান আলী সরদার  
উপ-সচিব (শ্রম)।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মন্ত্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ কর্ম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৯৭০৯)

মূল্য : টাকা ২.০০